দৈনিক ইত্তেফাক

৪

তারিখ ... 20 JUL 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

# সহস্রাধিক বেসরকারী স্কুলে ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ

**রেজানুর রহমান** ॥ সারাদেশে সহস্রাধিক বেসরকারী স্কুলে ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হইয়া যাওয়ার ফলে শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ স্থগিত রাখা হইয়াছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক দেশের প্রতিটি জেলার শিক্ষা অফিসার বরাবরে এই ব্যাপারে একটি চিঠি প্রেরণ করিয়াছেন। চিঠিতে বলা হইয়াছে, 'যে সমস্ত বেসরকারী বিদ্যালয়ের ম্যানেজিং

( ২য় পৃ: ৪-এর ক: দ্র: )

## ম্যানেজিং কমিটির

(১ম পৃ: পর)

কমিটি নাই বা মেয়াদ উত্তীর্ণ হইয়া গিয়াছে ঐ সমস্ত বিদ্যালয়ের কোন বিল অত্র অধিদপ্তরের অনুমতি ব্যতীত ব্যাংক হইতে উত্তোলন করা যাইবে না।' এই চিঠির কপি অগ্রণী, জনতা, রূপালী ও সোনালী ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার, উপ-মহাপরিচালক, মাধ্যমিক ও শিক্ষা এবং প্রতিটি থানার নির্বাহী কর্মকর্তার নিকট পাঠানো হইয়াছে।

একটি সূত্রের মতে, ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হইয়া গিয়াছে অথবা নানা কারণে ম্যানেজিং কমিটি গঠন করা যাইতেছে না, এই ধরনের স্কুলের সংখ্যা এক হাজারেরও বেশী হইবে। সূত্রটির মতে, নানা কারণে স্কুলের ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে জটিলতা দেখা দিয়াছে। ম্যানেজিং কমিটি গঠনের পর অধিদপ্তর হইতে পরিদর্শন টীম সংশ্লিষ্ট স্কুল পরিদর্শন করার নিয়ম রহিয়াছে। অধিকাংশ ক্ষেত্রে এই নিয়ম মানা হইতেছে না। পরিদর্শনের জন্য অধিদপ্তরে আবেদন করার পরও অনেক সময় ত্বরিত পদক্ষেপ গ্রহণ করা হয় না। আবার স্কুল পরিদর্শন করিয়া আসার পর তদন্তের প্রতিবেদন উপ-পরিচালকের দপ্তরে বিলম্বে পৌঁছান হয়। কোথাও কোথাও রাজনৈতিক বা স্থানীয় নেতৃত্বের কোন্দলের কারণে কমিটি গঠন প্রক্রিয়া বিলম্বিত হইতেছে। ইহার ফলে কয়েক হাজার শিক্ষক বেতনের সরকারী অংশ সঠিক পাইবে না। জানা যায়, তালিকা অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের বেতন সংশ্লিষ্ট ব্যাংকে চলিয়া যাইবে। ম্যানেজিং কমিটির জটিলতা দূর হইলে ঢাকায় অধিদপ্তর হইতে ছাড়পত্র নিয়া সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক-কর্মচারিগণ বেতন গ্রহণ করিতে পারিবেন।

শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ এক বিবৃতিতে ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে শিক্ষকদের বেতন স্থগিত করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়াছেন।